# Times Today BD

আলী হায়দার | ঢাকা | 08 May, 2025

কিশোরগঞ্জের পাকুন্দিয়ায় সিএনজিচালিত অটোরিকশার সাথে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে দুই শিক্ষার্থীর মৃত্যু হয়েছে।

বৃহস্পতিবার (৮ মে) বিকেল ৫ টার দিকে পাকুন্দিয়া পৌর সদরের বরাটিয়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন উপজেলার বীর পাকুন্দিয়া এলাকায় জসিম উদ্দিনের ছেলে হাসিবুল ইসলাম শোভন (১৮) ও মধ্য পাকুন্দিয়া এলাকার বাসিন্দা আফসর উদ্দিন মানিকের ছেলে আনছার উদ্দিন আহম্মদ লাম (২০)। তারা দুজনই পাকুন্দিয়া সরকারি কলেজের এইচএসসি প্রথম বর্ষের শিক্ষার্থী।

পাকুন্দিয়া থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) মো. মোবারক হোসেন এসব তথ্য নিশ্চিত করেছেন।তিনি জানান, শোভন ও লাম একই মোটরসাইকেলে করে মির্জাপুরের দিকে যাচ্ছিল। এ সময় বরাটিয়া নাম স্থানে পৌছানোর পরে একটি কুকুর তাদের মোটর সাইকেলের সামনে পড়ে যায়।কুকুরটিকে পাশ কাটাতে গিয়ে সিএনজিচালিত অটোরিকশার সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই শোভন মারা যান। আর গুরুতর আহত অবস্থায় কিশোরগঞ্জে নিয়ে যাওয়ার পথে আনছার উদ্দিন লাম মারা যান। তিনি বলেন, এ ঘটনায় সিএনজিচালিত অটোরিকশাটি আটক করা হয়েছে। এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

পাকুন্দিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে হাসপাতালের মেডিকেল অফিসার চিকিৎসক মাহফুজা

আক্তার জানান, বিকেল সাড়ে ৫ টার দিকে স্থানীয় বাসিন্দারা  দুই যুবককে হাসপাতালে নিয়ে আসেন। তাদের মধ্যে শোভনকে মৃত অবস্থায় পাওয়া যায়। অপরদিকে গুরুতর আহত অবস্থায় আনা হয় আনছার উদ্দিন লাম নামে একজনকে। তার অবস্থার অবনতি দেখে কিশোরগঞ্জে রেফার্ড করা  হলে হাসপাতালে যাওয়ার পথে সেও মৃত্যুবরণ করে।

সড়ক দুর্ঘটনা নিহত

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 08:58

URL: https://www.timestodaybd.com/public/dhaka/1774432172